# বর্ধমান বিশ্ববিদ্যালয়

## স্নাতক পরীক্ষা সংক্রান্ত ২৩/০৯/২০২০ তারিখে প্রকাশিত নির্দেশিকার পরিবর্তে **<u>সংশোধিত নির্দেশিকা</u>**।

১. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন নির্দেশিত স্নাতক পরীক্ষা সম্পর্কে দেশের মাননীয় সর্বোচ্চ ন্যায়ালয়ের সম্মতিক্রমে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়েছে যে ২০২০ সালের ষষ্ঠ সেমেস্টার এবং তৃতীয় বর্ষের পরীক্ষাগুলি সমস্ত অনলাইন পদ্ধতিতে গৃহ কর্মসূচী/ মুক্ত পুস্তক পদ্ধতির মাধ্যমে সংগৃহীত হবে। পরীক্ষার্থীরা বৈদ্যুতিন মাধ্যমে স্বস্থানে/ বাড়িতে প্রশ্নপত্র সংগ্রহ এবং উত্তরপত্র লিখে জমা করতে পারবেন।

২. সমস্ত পরীক্ষার ব্যবহারিক অংশ অর্থাৎ যথাক্রমে ক্ষেত্র সমীক্ষা, প্রকল্প, গবেষণামূলক প্রবন্ধ, টার্ম পেপার ইত্যাদির ক্ষেত্রে ২০২০ সালের সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে অনলাইন পদ্ধতিতেই সংগৃহীত হবে।

৩. উল্লিখিত সমস্ত লিখিত পরীক্ষা ২০২০ সালের ১৮ অক্টোবর এর মধ্যে সমাপ্ত হবে।

৪. এই মর্মে প্রত্যেক ছাত্রছাত্রীর নিজস্ব ই-মেল আইডি এবং মোবাইল নম্বর থাকা আবশ্যিক। তারা সংশ্লিষ্ট পরীক্ষার উত্তরপত্র নিজেদের ই-মেল আইডি থেকে কলেজ-প্রস্তাবিত নির্দিষ্ট ই-মেল আইডি-তে কিংবা কলেজ-প্রস্তাবিত Google Classroom-এ পাঠাতে পারবেন।

৫. আমাদের কলেজের জন্য প্রযোজ্য নয়।

৬. আমাদের কলেজের জন্য প্রযোজ্য নয়।

৭. কোভিড-১৯ অতিমারীর নিরন্তর ব্যাপ্তি ও মারণপ্রভাবের কারণে কলেজ বন্ধ থাকার কারণে কোন ছাত্রছাত্রীরই সশরীরে উপস্থিত থাকবার প্রয়োজন নেই। অনিবার্যত সমস্ত ষষ্ঠ সেমেস্টারের ছাত্রছাত্রীর শ্রেণিকক্ষে উপস্থিতির হার ১০০ শতাংশ বলে

নির্ধারিত হবে। সেই হিসেবে কোর্স-৩ এর সংশ্লিষ্ট ক্ষেত্রে নির্ধারিত সর্বোচ্চ নম্বর-৫ সকলেরই প্রদত্ত হবে।

৮. **'ফর্ম ফিল-আপ' এর জন্য সূচিত শেষ তারিখের পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি অনুসারে প্রত্যেক ছাত্রছাত্রীকে এককভাবে পরীক্ষায় বসবার জন্য আবশ্যিক বিষয়/ পেপার/ কোর্স-উল্লিখিত অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে। পরীক্ষার্থীর নাম-চিহ্নিত সংশ্লিষ্ট পরীক্ষা-সংক্রান্ত কোন বৈধ নথি ছাড়া তার পরীক্ষা বাতিল বলে বিবেচিত হবে এবং অনিবার্যত কোন ফল প্রকাশিত হবে না। অ্যাডমিট কার্ডে সূচিত বিষয়/কোর্স/পেপার ছাড়া কোন পরীক্ষার্থী অন্য কোন পরীক্ষা দিতে পারবে না। উক্ত ঘটনায় দেয় পরীক্ষা বাতিল গণ্য হবে।**

৯. **বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে উত্তর পত্রের 'সফট পেজ' এবং তার প্রথম পাতা দেওয়া থাকবে। সংশ্লিষ্ট পরীক্ষার জন্য অন্তর্ভুক্ত কলেজগুলির ওয়েবসাইটেও উত্তরপত্রের বৈদ্যুতিন খসড়া পূর্বেই ব্যবহারের জন্য পরীক্ষার্থীরা ডাউনলোড করতে পারবেন। সংশ্লিষ্ট উত্তরপত্রের প্রথম পাতা ক্রমানুসারে পূরণ করা আবশ্যিক এবং যেহেতু তথ্য যাচাইয়ের অবকাশ সেভাবে নেই, সেকারণে পরীক্ষার্থীরা তাদের রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, কোর্স/ পেপার/ বিষয় ইত্যাদি অত্যন্ত যত্ন সহকারে সংশ্লিষ্ট জায়গায় লিখবেন। <u>অসম্পূর্ণভাবে পূরণ করা হলে সংশ্লিষ্ট উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।</u>**

১০. **প্রত্যেক প্রশ্নের মান হবে ১০ অথবা ৫। কোন ১ এবং ২ মান সম্বলিত প্রশ্ন থাকবে না। প্রশ্নগুলির মান বিভাজন নির্ভর করবে সংশ্লিষ্ট কোর্স/ পেপারের পূর্ণমানের ভিত্তির উপর। প্রতিদিন পরীক্ষা শুরু হওয়ার ন্যূনতম আধঘন্টা(৩০ মিনিট) পূর্বে বিশ্ববিদ্যালয় অন্তর্ভুক্ত কলেজগুলির ওয়েবসাইটে প্রশ্নপত্রের 'সফট কপি' সংযুক্তি করা হবে।**

১১. **যেহেতু এটি মুক্ত-পুস্তক পদ্ধতিতে পরীক্ষা, তাই কোন সংক্ষিপ্ত(অবজেকটিভ টাইপ) প্রশ্ন থাকবে না। সি.বি.সি.এস. সিস্টেমে সেমেস্টার -৬ এর জন্য সময়সীমা ২/৩ ঘন্টার মধ্যে সীমিত। এছাড়া বার্ষিক পরীক্ষার ক্ষেত্রে (১+১+১) কোর্সভিত্তিক ২ ঘন্টা সময় থাকবে। পার্ট-৩ পরীক্ষার ক্ষেত্রেও ২ ঘন্টা**

সময় বরাদ্দ। প্রত্যেক পেপারের পূর্ণমান হবে ৫০। পরীক্ষায় প্রাপ্ত নম্বরের দ্বিগুণিতক হিসেবে ১০০ নম্বরের পূর্ণমানের ভিত্তিতে পেপারটির মূল্যায়ন করা হবে।

১২. পরীক্ষার্থীরা তাদের উত্তরপত্র A-4 সাইজের কাগজেও লিখতে পারেন। প্রত্যেককেই উত্তরপত্র লিখবার সময় পাতার অনুক্রমে লিখতে হবে। পরীক্ষার্থীর বিষয়ের নাম, কোর্সের নাম( CC/DSE/GE/SEC/Subject এবং Paper ইত্যাদি) রোল নম্বর, তাদের ব্যবহৃত প্রত্যেক পাতায় লিখতে হবে। সেক্ষেত্রে উত্তরপত্রটি প্রত্যেক পাতার অনুক্রমে( অর্থাৎ ১, ২, ৩ ... করে) লিখতে হবে।

১৩. পরীক্ষার্থীরা পরীক্ষার নির্দিষ্ট দিনে নির্দিষ্ট সময়ের মধ্যে (পরীক্ষার নির্ঘন্ট অনুযায়ী) হাতে লিখে ( পাতার অনুক্রম বজায় রেখে) বৈদ্যুতিন মাধ্যমে সংশ্লিষ্ট কলেজের ই-মেল মারফৎ একটি একক পি.ডি.এফ ফাইল করে জমা করতে পারবেন। দৃষ্টিহীন/ শারীরিকভাবে অক্ষম পরীক্ষার্থীরা তাদের সংশ্লিষ্ট ক্ষেত্রের নথিপত্র সহকারে কলেজের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে বিষয়টি অবগত করতে পারবেন নির্ধারিত সুযোগ-সুবিধা পাওয়ার জন্য। বৈদ্যুতিন মাধ্যমে উত্তরপত্র জমা দেওয়ার সময় পরীক্ষার্থীরা অত্যন্ত গুরুত্ব সহকারে কলেজ-প্রস্তাবিত নির্দিষ্ট ই-মেল আইডি টাইপ করবেন। ইউ.জি.সি.-র সম্মতিক্রমে পরীক্ষার্থীরা আধঘন্টা অর্থাৎ ৩০ মিনিট সময় পাবেন প্রশ্নপত্র ডাউনলোড করতে এবং আধঘন্টা বা ৩০ মিনিট সময় পাবেন উত্তরপত্র আপলোড করবার জন্য।

১৪. বৈদ্যুতিন মাধ্যমে ব্যর্থ হলে সেক্ষেত্রে পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট পরীক্ষার দিনেই ওই উত্তরপত্রের অবিকল কপি সংশ্লিষ্ট কলেজে ( পরীক্ষার জন্য সূচিত নির্ঘন্টের মধ্যে) জমা করতে পারবেন এবং জমা করার প্রমাণ-স্বরূপ 'রিসিপ্ট কপি' কলেজ থেকে সংগ্রহ করতে পারবেন। যদি কেউ বৈদ্যুতিন মাধ্যমে কিংবা সশরীরে দুই ক্ষেত্রে উত্তরপত্র আধ ঘন্টার (৩০ মিনিট) মধ্যে জমা দিতে না পারেন, তাহলে সেক্ষেত্রে ওই পরীক্ষার্থীর পেপার/ কোর্সটির পরীক্ষা 'অনুপস্থিত' হিসেবে গণ্য করা হবে।

১৫. পরীক্ষার শুদ্ধতা বজায় রাখবার জন্য বিধিনিয়ম অনুসারে প্রত্যেক ছাত্রছাত্রীকে উত্তরপত্রের প্রথম পাতা স্বাক্ষরসহ প্রতিশ্রুতি পত্র(আন্ডারটেকিং) হিসেবে দিতে হবে। যদি উত্তরপত্রটি কেউ বৈদ্যুতিন মাধ্যমে জমা দেন, তাহলে ই-মেল- এ প্রেরিত উত্তরপত্রের স্বাক্ষরসমেত প্রথম পাতাটির স্ক্রিনশট নিজের কাছে সংরক্ষণ( সেভ) করে রাখবেন। ট্র্যাফিক-জ্যাম ইত্যাদি বিঘ্নের জন্য প্রেরিত উত্তরপত্রটি বিবেচিত হবে দীর্ঘসূত্রতা(লেট সাবমিশন) হিসেবে।

১৬. যদিও ছাত্রছাত্রীরা বাড়িতে বসে পরীক্ষা দেবে, সেক্ষেত্রে পরীক্ষাগুলি, সামগ্রিকভাবে পরীক্ষা-সংক্রান্ত যাবতীয় নিয়মবিধি অনুযায়ী পরিচালিত হবে –যা পদ্ধতিগত বিশুদ্ধতা বজায় রেখে শিক্ষার্থীর বিশ্বাস ও দায়িত্ববোধকে উন্নীত মাত্রা প্রদান করবে।

## ডিপার্টমেন্ট/ বিষয় অনুযায়ী উত্তরপত্র জমা দেওয়ার ই-মেল. আই. ডি গুলি নিম্নরূপ।

**Bengali mail ID:** bengalikjm2020@gmail.com

**Education dept mail ID:** kjm.dept.edu@gmail.com

**History dept mail ID:** historykjm2007@gmail.com

**Philosophy dept mail ID:** philosophykjmexam20@gmail.com

**English dept mail ID:** hodenglishkjm@gmail.com

**Pol.science dept ID:** polscienceexam20@gmail.com